# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা-১২১৫

www.barc.gov.bd

**বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০ বাস্তবায়নের নিমিত্ত গঠিত টেকনিক্যাল কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান (রু. দা.), বিএআরসি। |
| সভার তারিখ ও সময় | : ১৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.; সকাল ১০:০০ঘটিকা |
| স্থান | : সভাকক্ষ-০১, বিএআরসি। |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক। |

বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা ২০২০ বাস্তবায়নের নিমিত্ত গঠিত টেকনিক্যাল কমিটির ৬ষ্ঠ সভা ১৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখ ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান (রু. দা.), বিএআরসি ও আহবায়ক, টেকনিক্যাল কমিটি-এর সভাপতিত্বে সভাকক্ষ-০১, বিএআরসি, ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে বলেন, বাংলাদেশে GAP বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) স্কিমওনার এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)-কে সার্টিফিকেশন বডি (BACB) হিসেবে দায়িত্ব পালন করে আসছে। নিরাপদ খাদ্য উৎপাদনে বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা, ভোক্তা পর্যায়ে উৎপাদিত কৃষি পণ্যের আস্থা, পরিবেশ ও কর্মীর স্বাস্থ্য সুরক্ষা, সর্বোপরি নিরাপদ পুষ্টি সমৃদ্ধ খাদ্য ভোক্তার হাতে তোলে দেওয়ায় বাংলাদেশ GAP বাস্তবায়নের মূল লক্ষ্য। অতপর বাংলাদেশ উত্তম কৃষি চর্চা-২০২০ বাস্তবায়নে গঠিত টেকনিক্যাল কমিটির সদস্য সচিব ও পরিচালক, সরেজমিন উইং, ডিএই কে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার অনুরোধ জানান। সদস্য সচিবের পক্ষে জনাব মো. সফিউজ্জামান, মুখ্য প্রশিক্ষণ, এটিআই, ঢাকা ও আহ্বায়ক, GAP ইউনিট, ডিএই সভার কার্যক্রম তুলে ধরেন। তিনি জানান, বিগত সভার কার্যবিবরণী ওপর কোনো লিখিত মতামত না থাকায় সকলের সম্মতি তা গৃহীত হয়।

২। অতপর আলোচ্যসূচি অনুযায়ী ড. যাকীয়াহ রহমান মনি, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি) ও সদস্য সচিব, GAP ইউনিট, বিএআরসি বিগত সভার বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। কৃষিপণ্যের বর্জ্য ব্যবস্থাপনার (Waste Management) এর জন্য পৃথক SOP ও বাংলাদেশ GAP বাস্তবায়নে অন্যান্য SOP প্রণয়ন করবে। এ প্রসঙ্গে ড. মো: আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) ও আহ্বায়ক GAP ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল বলেন কনসালটিং ফার্ম কর্তৃক প্রণীত SOP সমূহ রিভিউ করার জন্য GAP সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সমন্বয়ে কমিটি গঠনের মাধ্যমে তা রিভিউ করে টেকনিক্যাল কমিটিতে উপস্থাপন পূর্বক তা অনুমোদন করতে হবে। এ প্রসঙ্গে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করলে সকলেই এ বিষয়ে সহমত পোষণ করেন।

৩। আলোচ্যসূচি-২ অনুসারে, বাংলাদেশ GAP বাস্তবায়নে নিরপেক্ষ/স্বাধীন আপিল প্যানেল গঠন ও এর কার্যবিধির উপর প্রণিত খসড়ার ওপর মতামতের নিমিত্ত উপস্থাপন করা হয়। এ প্রসঙ্গে ড. মিয়া সাঈদ হাসান, কনসালটেন্ট GAP বলেন, বাংলাদেশ GAP বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারের যাবতীয় অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে নিরপেক্ষ/স্বাধীন আপিল প্যানেল নিষ্পত্তি করবে বিধায় উক্ত বিষয়কে প্রাধান্য দিয়ে উপস্থিত সদস্যবৃন্দ নিরপেক্ষা/স্বাধীন শব্দের পরিবর্তে 'আপিল প্যানেল' শিরোনাম প্রস্তাব করেন।

৪। অত:পর প্রণীত খসড়া উপস্থাপন করে সকলের মতামত আহবান করেন। অধিকতর সংশোধনের জন্য উপস্থিত সকলবৃন্দদের নিয়ে একটি হোয়াটসআপ গ্রুপ খুলে প্রয়োজনীয় সংশোধনের জন্য নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি নির্দেশনা প্রদান করেন।

৫। জনাব মোহাম্মদ সফিউজ্জামান, মুখ্য প্রশিক্ষক, এটিআই, ঢাকা ও আহবায়ক, GAP Unit, ডিএই, খামারবাড়ি, বিএসিবি এর অগ্রগতি উপস্থাপন করেন। এরপর তিনি বিএসিবি কর্তৃক প্রণীত Bangladesh GAP Quality Manual for BACB (Based on ISO/IEC 17065 :2012) এবং Operational Manual উপস্থাপন করেন। তিনি জানান, ইতোমধ্যে সার্টিফিকেশন কমিটি কর্তৃক Bangladesh GAP Quality Manual for BACB (Based on ISO/IEC 17065 :2012) এবং Operational Manual অনুমোদন হয়েছে। পরবর্তী টেকনিক্যাল কমিটির সভায় তা উপস্তাপন করা হবে।

৬। এরপর জনাব মোহাম্মদ সফিউজ্জামান, হর্টেক্স ফাউন্ডেশনের অগ্রগতি উপস্থাপনের জন্য ড. সৈয়দ মোঃ রফিকুল আমিন, ব্যবস্থাপনা পরিচালককে অনুরোধ জানান। এরপর তিনি হর্টেক্স ফাউন্ডেশনের অগ্রগতি উপস্থাপন করেন। হর্টেক্স কর্তৃক বাস্তবায়িত কর্মসূচি/প্রশিক্ষণে GAP বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত/অভিজ্ঞ ব্যক্তিদের আমন্ত্রণ জানানোর জন্য সুপারিশ করা হয়।

৭। এরপর কৃষি বিপণন অধিদপ্তর এর প্রতিনিধি কৃষি বিপণন অধিদপ্তরের অগ্রগতি উপস্থাপন করেন।

৮। অত:পর সভায় অংশগ্রহণকারীগণের মধ্যে উন্মুক্ত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

৮.১। PARTNER, DAE এর মনোনীত কনসালটিং ফার্ম কর্তৃক প্রণয়ন করে GAP অনুসরণে উৎপাদিত কৃষি পণ্যের প্যাকেজিং, পরিবহন, এবং আবর্জনা ব্যবস্থাপনার SOP সংশ্লিষ্ট কর্মকর্তা'র সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক রিভিউ করার পর টেকনিক্যাল কমিটিতে উপস্থাপন। স্কিমওনার ও বিএসিবি এ বিষয়ে কার্যকরী উদ্যোগ গ্রহণ করবেন।

৮.২। নিরপেক্ষা/স্বাধীন শব্দের পরিবর্তে 'আপিল প্যানেল' শিরোনামে আপিল প্যানেল-এর গঠন ও কার্যপরিধি কমিটি'র মতামতের ভিত্তিতে সংশোধনপূর্বক WhatsApp গ্রুপে আপলোড করতে হবে। আগামী ২৫ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত মতামত প্রাপ্তির ভিত্তিতে সংশোধন করে স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন।

৮.৩। বাংলাদেশ উত্তম চর্চা ২০২০ বাস্তবায়নে গঠিত টেকনিক্যাল কমিটি'র মনোনীত সদস্যগণ সভায় উপস্থিতি নিশ্চিতসহ সংস্থা'র অগ্রগতি উপস্থাপন।

৮.৪। স্কিমওনার কর্তৃক GAP কার্যক্রম পরিবীক্ষণ করার নিমিত্ত উৎপাদক ও BACB-র চুক্তির কপি স্কিমওনার বরাবর প্রেরণ।

৮.৫। বিএআরসি'র FRG গাইড-২০২৪ এর সংশোধনী অনুযায়ী সারের মাত্রা নির্ধারণ করে গবেষণা/প্রদর্শনী করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৯/২৫

(ড. নাজমুন নাহার করিম)
নির্বাহী চেয়ারম্যান (রু. দা.) ও আহবায়ক
বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০ বাস্তবায়নের
নিমিত্ত গঠিত টেকনিক্যাল কমিটি।